

ব্যবহারকারীর পাতা **তারেকুল মোমেন চৌধুরী** পিসি থেকে পিসিতে বড় ফাইল স্থানান্তর

আমরা সাধারণত কোন ফাইলকে এক পিসি থেকে অন্য পিসিতে স্থানান্তর করার জন্য মাধ্যম হিসেবে ফ্লপি ডিস্ক ব্যবহার করি। ফ্লপি ডিস্কের (৩.৫") ধারণক্ষমতা হচ্ছে ১.৪৪ মেগাবাইট। সমস্যাটা দাঁড়ায় তখনই যখন ফাইলের আকার ফ্লপি ডিস্কের ধারণ ক্ষমতার তুলনায় বড় হয়।

আমরা যারা ডস ৬ ব্যবহার করি সেক্ষেত্রে ডাবলক্লিপস ব্যবহার করে কমপ্রেস ফ্লপিতে ফাইল স্থাপন করি। সমস্যার সমাধান এভাবে কতক্ষন সম্ভব? না, এটাই চূড়ান্ত সমাধান নয়। কারণ ফাইলের আকার আরও অনেক অনেক দীর্ঘ হতে পারে। তখন সমস্যাটা থেকেই যাবে। বড় আকারের ফাইলকে এক পিসি থেকে অন্য পিসিতে ফ্লপি ডিস্কের মাধ্যমে স্থানান্তর করার জন্য আপনি যে সমস্যায় পড়বেন এটা রোধ করার মুশ্কিল নয় আপনাকে ভুগতে হবেই। পিসি থেকে পিসিতে বড় আকারের ফাইলকে স্থানান্তর করার কিছু উপায় তুলে ধরি। এর জন্য সচরাচর যে সব ডস কমান্ড ব্যবহার করা হয় তারই প্রয়োগ করে এসব কাজ আমরা করব।

ইন্টারলিংক-এর সাথে সংযোগ করেঃ

ডস ৬ (বা তদোর্ধ্ব) ব্যবহারকারীদের জন্য এক পিসি থেকে অন্য পিসিতে ফাইল স্থানান্তর বা কপি করার সবচেয়ে সহজ একটি পদ্ধতি এটি। এখানে ফ্লপির কোন প্রয়োজনই পড়ে না। শুধুমাত্র উভয় পিসিতে ডস ৬ (বা তার উপরে) থাকতে হবে আর থাকবে মাইক্রোসফট-এর ইন্টারলিংক। এবারে পিসি দুটির মধ্যে সংযোগ ঘটাতে হবে ক্যাবল দ্বারা তাদের সিরিয়াল বা প্যারালাল পোর্টের মাধ্যমে। দুই পিসির মধ্যে সংযোগ ঘটিয়ে কাজ করব কিভাবে? ভাবনার কিছু নেই, ইন্টারলিংক ব্যবহার করার বিস্তারিত নির্দেশই পাওয়া যাবে ডস ম্যানুয়ালে। এক পিসি থেকে অন্য পিসিতে ফাইল স্থানান্তরের সময় যে দিচ্ছে সে হচ্ছে সার্ভার আর যে গ্রহণ করছে সে হচ্ছে ক্লায়েন্ট। এক্ষেত্রে ইন্টারলিংক সার্ভার পিসির ড্রাইভ থেকে ক্লায়েন্ট পিসির ড্রাইভকে আলাদা করার জন্য ক্লায়েন্ট পিসির ড্রাইভের নামের পরিবর্তন ঘটাবে। যেমন সার্ভারের D: ড্রাইভ ক্লায়েন্ট-এর F: ড্রাইভ দেখাবে। এখন কিছু ফাইল স্থানান্তর খুবই সরল একটি ব্যাপার। ধরুন, সার্ভারের D: ড্রাইভের EXCEL ডাইরেটরীতে রক্ষিত BUDGET94.XLS ফাইলটি ক্লায়েন্ট পিসির C: ড্রাইভের XLS ডাইরেটরীতে কপি করবেন তখন নিম্নলিখিত কমান্ডটি ক্লায়েন্ট পিসির কনসোলে টাইপ করলেই হবে।

Copy F:\EXCEL\BUDGET94.XLS C:\XLS

ফাইল ডিভাইড-এর মাধ্যমে ফাইলকে টুকরো করে তা আবার উদ্ধার করাঃ

বৃহৎ আকারের ফাইলকে স্থানান্তরের জন্য এ অবস্থায় ব্যবহার করা হচ্ছে ফ্লপি ডিস্ক। কিন্তু প্রয়োজন পড়বে একাধিক ফ্লপি। কাজেই ফাইলকে টুকরো করতে হবে ফ্লপির ধারণ ক্ষমতার সমান করে। ফ্লপির সাইজ অনুসারে ফাইল ভাগ করার জন্য পিসি থেকে Filediv.com ডাউনলোড করতে হবে। ডাটা লাইব্রেরীর সাথে সংযোগ করে অথবা ফাইল ডিভাইড Debug ক্রীপ্ট ব্যবহার করে তা তৈরি করে নেয়া যেতে পারে। ফাইল ডিভাইড ব্যবহার করে A:ড্রাইভে রক্ষিত ফ্লিপতে Budget 94.XLS ফাইলকে স্থানান্তর করার জন্য লিখতে হবে

Filediv Budget 94.XLS

তখন ডিস্ক প্রবেশ করানোর জন্য এবং যে কোন কী চাপার জন্য ফাইল ডিভাইড প্রম্পট দেখাবে। প্রম্পট-এর নির্দেশমত একটি ডিস্ক প্রবেশ করিয়ে অতঃপর যে কোন কী চাপলে যে ডিস্কটি প্রবেশ করা হলো সেটিতে ফাইলকে টুকরো করে স্থানান্তর করবে এবং আরও প্রয়োজনমত অতিরিক্ত ডিস্ক প্রবেশ করানোর জন্য প্রম্পট দেখাবে। উল্লেখ্য যে ডিস্কগুলো প্রবেশ করানো হচ্ছে তা অবশ্যই ফর্মাটেড অবস্থায় খালি ডিস্ক হতে হবে। ফাইল ডিভাইড শেষ হলে দেখা যাবে প্রতিটি ডিস্কে মূল ফাইলের টুকরোগুলো 0_FILE.nnn নামে ফাইল রক্ষিত হয়েছে (এখানে nnn হচ্ছে ডিস্কের নাম্বার)। একটি চমৎকার বিষয় পরিলক্ষিত হবে এখানে, প্রথম ডিস্কেটে ধারণকৃত ফাইলের টুকরোটি যে আকারের পরবর্তী ডিস্কগুলোর প্রতিটিতেও কিছু টুকরোগুলো একই আকারের হয়। যদি পরবর্তী ডিস্কগুলোর কোনটিতে ধারণক্ষমতা বেশী থাকেও তবুও প্রতিটি টুকরো ফাইলের আকার সমান হয়। কিন্তু প্রথম ডিস্কেটের পরে দ্বিতীয় বা তারপরের যে কোন ডিস্ক যদি প্রথম ডিস্কেটের চাইতে আকারে ছোট হয় তবে কিছু 'Diskfull' বলবে। কারণ ফাইল ডিভাইড মনে করে প্রথম ফ্লপিটি যে আকারের পরবর্তী সমস্ত ফ্লপিই একই আকারের।

এবার টুকরো ফাইলকে আবার একসাথে উদ্ধার করার পালা। এক্ষেত্রে সমস্ত ফ্লপির ফাইলগুলোকে হার্ডডিস্কে কপি করতে হবে। তার জন্য ডসের Copy কমান্ড ব্যবহার করতে হবে। মনে করুন আপনার আপের ফাইলটি তিনটি ডিস্কে ভাগ হয়েছিল 0_File.001, 0_File.002 এবং 0_File.003 এই তিনটি নামে। এখন এই তিনটি টুকরো ফাইলকে BUDGET94.XLS নামে একত্রিত করতে হবে, এক্ষেত্রে নিচের কমান্ডটি টাইপ করলেই চলবে

Copy /B 0_FILE.001 + 0_FILE.002 + 0_FILE.003 BUDGET94.XLS

/B সুইচটি কিন্তু এখানে অবশ্যই যোগ করতে হবে।

0_FILE যদি অনেকগুলো হয় তখন তাদেরকে একসাথে করার সময় ডস কমান্ড ব্যবহার করে মধ্যবর্তী ফাইল তৈরি করে সেইগুলোকে একসাথে করা ভাল। *

**Special Discount for 220, 270
& 330 MB HDD**



COMPUTER ACCESSORIES



- ✓ We are marketing all types of Computer Accessories like Motherboard, Hard Disk, RAM, Diff. Cards, Floppy Drive, Scanner, Keyboard, Monitor, Casing with P/S at a competitive price with one year warranty.
- ✓ Installation free
- ✓ Contact for any Hardware / Software Support.

ADMISSION GOING ON

**DOS, WordPerfect, Lotus, dBASE (I & II),
BASIC, C++, Hardware Maintainance,
Trouble-Shooting.**



BANGLADESH COMPUTERS & ENGINEERS

257/7 Elephant Road (Kataban), Dhaka-1205

Phone : 501072, Fax : 880-2-863060

Tlx : 642986 MASIS BJ